ISO 9001:2015 Certified

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা
www.pbs1.comilla.gov.bd

**নম্বর:** ২৭.১২.১৯২৭.৫০৩.০৭.০২২.১৯.১৬২৮

তারিখ: ২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**"দরপত্র বিজ্ঞপ্তি"**

**বিষয়: সেচ সংযোগের অস্থায়ী ট্রান্সফরমার পোল হতে নামানোর কার্যাদেশ প্রদানের "দরপত্র বিজ্ঞপ্তি" প্রদান প্রসঙ্গে।**

০১। কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর হালনাগাদ তালিকাভূক্ত স্থায়ী পুর্বযোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হইতে গ্রাহক অর্থায়নে এর আওতায় নিম্নলিখিত প্রাক্কলিত নির্মান ব্যয় সীমায় সেচ সংযোগের ট্রান্সফরমার নামানোর জন্য নিম্নলিখিত শর্তস্বাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

০২। দরপত্রের বিবরনঃ

"সেচ সংযোগের ট্রান্সফরমার নামানো"

| ক্রঃ নং | বিড প্যাকেজ নং | সাব-প্যাকেজ নং | পবিস এর নাম ও প্রকল্প খাত | প্রাক্কলিত ব্যয় | আর্নেষ্ট মানির পরিমাণ (টাকা) | কার্য সময় | বিড প্যাকেজের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | 23-24-STW-02 | STW-03 | কুমিল্লা-১ "গ্রাহক অর্থায়ন" | ২,০০,০০০.০০ | ৬,০০০.০০ | ৬০ দিন | ৫০০.০০ |
| | | STW-04 | | ২,০০,০০০.০০ | ৬,০০০.০০ | | ৫০০.০০ |

০৩। দরপত্র দলিল উপরোক্ত ছকের বিড প্যাকেজ এর আওতায় সাব-প্যাকেজ ওয়ারী বিক্রয় হইবে। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠান বর্ণিত বিড প্যাকেজের যে কয়েকটি সাব-প্যাকেজের আওতায় দরপত্র দাখিল করিতে চাহিবেন তাহা দরপত্র সিডিউল ও খামের উপর স্পাষ্টাক্ষরে (দরপত্র নম্বর) উল্লেখ করিতে হইবে। প্রতিটি দরপত্রের জন্য পৃথক পৃথক আর্নেষ্টমানি রেট কোটিং শীটে সংযুক্ত করিবেন এবং যথাযথভাবে পূরণ করিবেন। দরপত্র দলিল অত্র সমিতির ক্যাশ কাউন্টার হইতে আগামী **২৮/০৪/২০২৪** খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে প্রতিটি সাব-প্যাকেজের জন্য নিম্নের ছকে প্যাকেজ ওয়ারী মূল্য (অফেরৎ যোগ্য) সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লা বিদ্যুৎ সমিতি-১ এর অনুকুলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/নগদ অর্থ সমিতির ক্যাশ শাখায় জমা প্রদান সাপেক্ষে সংগ্রহ করা যাইবে।

০৪। দরপত্র সমূহ আগামী **৩০/০৪/২০২৪** খ্রিঃ বেলা ১২:০০ ঘটিকায় অত্র সমিতিতে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হইবে এবং একই দিন বেলা ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্র সমূহ খোলা হইবে।

০৫। পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তরের স্বারক নং-২৭.১২.০০০০.০২৬.৪০.৪২৮.১৮.৯৫, তারিখঃ ১৭/০১/২০১৮ খ্রিঃ এর প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রতিটি একফেজ ট্রান্সফরমার পোল হতে নামানোর জন্য= ৪৫০.০০ টাকা, একফেজ এর ০২ টি ট্রান্সফরমার পোল হতে নামানোর জন্য (১১০০.০০/৩)*২= ৭৩৩.০০ টাকা এবং একফেজ এর ০৩ টি ট্রান্সফরমার পোল হতে নামানোর জন্য =১,১০০.০০ টাকা বিল প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে অত্র পবিস এর নির্দেশিত এলাকায় (সদরদপ্তর/জোনাল অফিস/সাব-জোনাল অফিস/এরিয়া অফিস ও অভিযোগকেন্দ্রের আওতাধীন) ট্রান্সফরমার উত্তোলন সিএমও/ফরম (ক্যাশ শাখার ওআর নম্বর, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ সহ) সংগ্রহ পূর্বক দ্রুত কাজ সম্পাদন করতে হবে।

০৬। প্রতিটি দরপত্র দাখিলের সময় দলিলের সহিত ৬,০০০.০০ (ছয় হাজার) টাকার আর্নেষ্টমানি জেনারেল ম্যানেজার "কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১" এর অনুকুলে বাংলাদেশের যে কোন তফসীল ব্যাংক হইতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হইবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেষ্টমানি ছাড়া দরপত্র বৈধ বলিয়া গন্য করা হইবে না।

০৭। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কালো তালিকাভূক্ত ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণ যোগ্য হইবে না।

০৮। উদ্ধৃত দর সরকারী বিধান মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন কর সহ উদ্ধৃত বলিয়া বিবেচিত হইবে। পৃথকভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা কোন দরপত্র গ্রহণ করা হইবে না।

০৯। প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করিতে হইবে। দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের অবশ্যই পর্যাপ্ত সংখ্যক পবিবোর্ডের প্রশিক্ষন প্রাপ্ত সুপারভাইজার ও লাইনম্যান সহ প্রয়োজনীয় লোকবল থাকিতে হইবে।

১০। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হইলে অত্র পবিসের দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে লটারী করে ১ম, ২য় ও ৩য় সর্বনিম্ন দরদাতা নির্ধারন করিবেন।

১১। যে সকল দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন তাদেরকে পর্যায়ক্রমে কার্যাদেশ ইস্যু করা হইবে।

১২। সন্তোষজনক ভাবে কার্য সম্পাদনের পর প্রয়োজনীয় সকল দলিলাদি সহ বিল দাখিল করিতে হইবে এবং পবিস কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে।

১৩। ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরন করা যাইবে না। তবে নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরপত্র সমূহ না খুলে ফেরৎ প্রদান করা হইবে।

১৪। শুধুমাত্র ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ-বছরের জন্য স্থায়ী পূর্ব যোগ্যতা নবায়নকৃত মিনি ঠিকাদার প্রতিষ্ঠানগন ও সাময়িক তালিকাভুক্ত মিনি ঠিকাদার প্রতিষ্ঠানগন এবং বাপবিবোর্ডের তালিকাভূক্ত স্থায়ী পুর্বযোগ্যতা প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করিতে পারিবেন। তবে বাপবিবোর্ডের তালিকাভূক্ত স্থায়ী পুর্বযোগ্যতা প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের দরপত্রে অংশগ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর প্রত্যয়ন পত্র এবং অত্র পবিসে বাপবিবোর্ডের প্রকল্প বিভাগের কার্যাদেশ চলমান না থাকার বিষয়টি নিজস্ব লেটার হেড প্যাডে উল্লেখ করে দরপত্রের সাথে সংযুক্ত করতে হইবে।

১৫। ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ-বছরে স্থায়ী পূর্ব যোগ্যতা নবায়ন না হলে সর্বনিম্ন দরদাতা হিসাবে বিবেচিত হলেও কার্যাদেশ প্রদান করা হইবে না।

১৬। প্রতিটি দরপত্রে অংশ গ্রহনের সময় মেয়াদ সম্পন্ন ট্রেড লাইসেন্স, এবিসি ঠিকাদারী ও সুপারভাইজারী লাইসেন্স সমিতির এজিএম (ইএন্ডসি) এর নিকট প্রদর্শন করিতে হইবে। নতুবা তাহার নিকট সিডিউল বিক্রয় করা হইবে না।

১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭-০৪-২০২৪
মোহাম্মদ আবু রায়হান
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ(সদয় অবগতি ও কার্যার্থে)

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা জোন;
২। নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব ), নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, কুমিল্লা (উত্তর);
৩। ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১;
৪। এজিএম (অর্থ-হিসাব) (অতিরিক্ত দায়িত্ব), অর্থ (হিসাব) বিভাগ, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১;
৫। এজিএম (আইটি), আইটি বিভাগ, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১(দরপত্রটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নিমিত্তে);
৬। মের্সাস.........................................(অবগতি ও দরপত্রে অংশগ্রহনের অনুরোধ সহ);
৭। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-১ এবং
৮। অফিস কপি/ মাষ্টার কপি।